

Class 5
Bengali

কবিতা-স্বাধীনতার সুখ ।
কবি-রজনীকান্ত সেন ।

বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই,
"কুঁড়ে ঘরে থেকে কর শিল্পীর বড়াই ।
আমি থাকি মহাসুখে অট্টালিকা পরে,
তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে ।"

বাবুই হাসিয়া কহে, "সন্দেহ কি যায়?
কষ্ট পাই তবু থাকি নিজের বাসায়;
পাকা হোক, তবু ভাই পরের ও বাসা-
নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর থাসা।"

প্রশ্নোত্তর ।

১) কে কুঁড়ে ঘরে থেকে শিল্পের বড়াই করে?
উত্তর-বাবুই পাখি কুঁড়ে ঘরে থেকে শিল্পের বড়াই করে।

২) "আমি থাকি মহাসুখে" -কে কাকে বলেছে?
উত্তর-"আমি থাকি মহাসুখে" -চড়াই পাখি কথাটি বাবুই পাখিকে বলেছে।

৩) বাবুই কোথায় বাসা করে? তার বাসা দেখতে কেমন?
উত্তর-বাবুই পাখি গাছের ডালে বাসা করে।
বাবুই পাখির বাসা দেখতে খুব সুন্দর ।

৪) 'স্বাধীনতার সুখ' বলতে কি বোঝ?
উত্তর-'স্বাধীনতার সুখ' বলতে বোঝায় স্বাধীনভাবে থাকা ।

৫) শিল্পী পাখি কে?
উত্তর-শিল্পী পাখি হল-বাবুই পাখি।

৬) 'নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর থাসা' -কোন কবির ও কবিতার অংশ? বক্তা কে?
উত্তর-আলোচ্য লাইনটি কবি রজনীকান্ত সেন-এর লেখা 'স্বাধীনতার সুখ' কবিতার অংশ ।
বক্তা হল-বাবুই পাখি ।

৭) 'কুঁড়ে ঘরে থেকে কর শিল্পের বড়াই' -কে কুঁড়ে ঘরো থাকে? সে কোন্ শিল্পের বড়াই করে? কে কাকে একথা বলেছে?
উত্তর-বাবুই পাখি কুঁড়ে ঘরে থাকে।
বাবুই পাখি নিজের হাতে বাসা তৈরি করা-শিল্পের বড়াই করে ।
চড়াই পাখি বাবুই পাখিকে একথা বলেছে ।

সঠিক উত্তর বাছাই করো।

ক) বাবুই নিজের বাসা নিজে-(বোনে/বোনে না)।
উত্তর-বোনে।
খ) চড়াই থাকে-(কুঁড়ে ঘরে/পাকা ঘরে)।
উত্তর-পাকা ঘরে।

গ)বাবুই-(স্বাধীন/পরাধীন)।
উত্তর-স্বাধীন।
ঘ)স্বাধীনতার সুখ-(চড়াই পাখি/বাবুই পাখি)ভোগ করে ।
উত্তর-বাবুই পাখি ।

বিপরীত শব্দ ।
ক)কুঁড়েঘর-দালানকোঠা।
খ)কষ্ট-আনন্দ ।
গ)হাসিয়া-কাঁদিয়া।
ঘ)কাঁচা-পাকা।
ঙ)নিজের-পরের।
চ)গড়া- ভাঙ্গা ।

শব্দার্থ ।

ক)অটালিকা-প্রাসাদ।
খ)থাসা-পোক্ত ।
গ)বড়াই-গর্ব।
ঘ)গড়া-তৈরি ।

বাক্য রচনা ।

ক)বৃষ্টি-আমার বৃষ্টি খুব ভালো লাগে।
খ)বাসা-বাবুই পাখির বাসা খুব সুন্দর ।
গ)ঘর-গ্রামে কুঁড়েঘর বেশি দেখা যায় ।
ঘ)সন্দেহ-সন্দেহ সম্পর্ক নষ্ট করে দেয় ।
ঙ)থাসা-পাকা ঘর থাসা হয়।

গল্প-বীর তরগীসেন

সঠিক উত্তর বাছাই করে লিখ।

ক)বনে গিয়ে রামচন্দ্র কুটির বেঁধেছিলেন-
উত্তর-পঞ্চবটীতে।
খ)সীতাকে হরণ করেন-
উত্তর-রাবণ।
গ)বিভীষণ ছিলেন-ধার্মিক।
ঘ)তরগীসেনকে বধ করা হয়-----অস্ত্র দিয়ে ।
উত্তর-ব্রহ্মাস্ত্র ।

বাক্য রচনা ।

ক)পঞ্চবটী-রাম পঞ্চবটী বনে আশ্রয় নিয়েছিলেন ।
খ)শিবির-ত্রাণ শিবিরটি বেশ বড়ো ছিল ।
গ)গুপ্তচর- সঠিক খবর পাওয়ার জন্যে আমরা রামকে গুপ্তচর বানিয়েছি।
ঘ)প্রয়োগ-অংকটি সমাধানে ভুল সূত্র প্রয়োগ করা হয়েছে ।
ঙ)বীরশূন্য-যুদ্ধে লক্ষা বীরশূন্য হয়ে পড়েছিল।